দৈনিক



# শিক্ষক ইনছান আলীকে বদলি ও মামলার নির্দেশ

নিজস্ব প্রতিবেদক ● প্রধানমন্ত্রীর কার্যালয়ের নাম ভাঙিয়ে চাঁদাবাজি এবং মহিলা প্রধান শিক্ষিকাদের বিরুদ্ধে অশালীন মন্তব্যের কারণে ধানমণ্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. ইনছান আলীকে বদলির নির্দেশ দেওয়া হয়েছে। এ ছাড়া তার বিরুদ্ধে বিভাগীয় মামলার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

মন্ত্রণালয়ের নির্দেশক্রমে ব্যবস্থা নেওয়ার জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এসএম এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## শিক্ষক ইনছান আলীকে বদলি

(৩ এর পৃষ্ঠার পর) ওয়াহিদুজ্জামানকে চিঠি দিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব আবু আলী মো. সাজ্জাদ হোসেন।

গত ১৮ অক্টোবর দেওয়া ওই চিঠিতে উল্লেখ করা হয়, রাজধানীর ধানমণ্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. ইনছান আলীর বিরুদ্ধে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নাম ভাঙিয়ে চাঁদা উত্তোলন, মহিলা প্রধান শিক্ষিকাদের বিরুদ্ধে অশালীন, কুরুচিপূর্ণ মন্তব্য, উর্ধ্বতন কর্মকর্তাদের বিরুদ্ধে ঔদ্ধত্যপূর্ণ, অশোভন ও শিষ্টাচারবহির্ভূত বক্তব্য প্রদান এবং চাকরি বিধিমালা অনুযায়ী শৃঙ্খলাপরিপন্থী অসদাচরণের অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে।